আজকের কাগজ
পৃষ্ঠা ৩ কলাম ৫

৫৭

# যৌন শিক্ষামূলক অনুষ্ঠান প্রচার করবে বিবিসি

বিবিসি জানিয়েছে আগামী ১ জানুয়ারি থেকে তারা দক্ষিণ পূর্ব এশিয়ার শ্রোতাদের জন্যে 'সেক্স ওয়াইজ' নামে যৌন শিক্ষামূলক একটি সিরিজ প্রচার করার সিদ্ধান্ত নিয়েছে। গত বুধবার এ সিদ্ধান্ত ঘোষিত হয়। খবর রয়টার।

বিবিসি জানায়, বিষয়টি স্পর্শকাতর হলেও এর গুরুত্ব এবং শ্রোতাদের দাবি মেটাতে তারা এই সিদ্ধান্ত নিয়েছে। অনুষ্ঠানটি প্রচারের ব্যাপারে ইন্টারন্যাশনাল প্লান্ড প্যারেন্টহুড ফেডারেশন ও ব্রিটিশ সরকারের বহির্বিশ্ব উন্নয়ন সংস্থা কারিগরি ও আর্থিক সহায়তা করবে।